



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৭৩.২৬০.২১.৯১০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮

০৩ জুন ২০২১

বিষয়: পুনর্ভরণ খাতে বরাদ্দকৃত অব্যয়িত অর্থ সমর্পণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ বিভাগ হতে ২০২০-২১ অর্থ বছরের বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ের জেলা/উপজেলাসমূহের অনুকূলে পুনর্ভরণ খাতে (ধান/চাল/গম ক্রয় খাতে) অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। কিন্তু iBAS রিপোর্ট অনুযায়ী লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় এখনও পর্যাপ্ত টাকা অব্যয়িত রয়ে গেছে। এদিকে মাঠ পর্যায়ের অনেক উপজেলার চাহিদা থাকা সত্ত্বেও অর্থের স্বল্পতা জনিত কারণে তাদের অনুকূলে বরাদ্দ দেয়া সম্ভব হচ্ছে না। ফলে যেসব উপজেলায় এখনও পর্যাপ্ত টাকা অব্যয়িত রয়ে গেছে তা থেকে জুন/২১ পর্যন্ত যে পরিমাণ অর্থ ব্যয়ের সন্তাবনা আছে তা রেখে ঐসব উপজেলার বাকী অব্যয়িত অর্থ আগামী ১০/০৬/২০২১ খ্রি: তারিখের মধ্যে সমর্পণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

বিষয়টি আপনার অঞ্চলের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩-৬-২০২১

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫৬৩০৬

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৬৮৮৮৮

ইমেইল: daf@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
রাজশাহী/ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৭৩.২৬০.২১.৯১০/১(৩)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮
০৩ জুন ২০২১

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

৩-৬-২০২১

মোঃ সাহিদার রহমান
ইন্ট্রাক্টর, সংযুক্তি: হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য
অধিদপ্তর, ঢাকা।